Central Board of Secondary Education

Question Paper 2015

[Official]

By

AglaSem

www.schools.aglasem.com

AglaSem Schools

SET-4

Series SSO **Code No. 5**

Candidates must write the Code on the title page of the answer-book.

Roll No. | | | | | | | |

- Please check that this question paper contains **8** printed pages.
- Code number given on the right hand side of the question paper should be written on the title page of the answer-book by the candidate.
- Please check that this question paper contains **16** questions.
- **Please write down the Serial Number of the question before attempting it.**
- 15 minute time has been allotted to read this question paper. The question paper will be distributed at 10.15 a.m. From 10.15 a.m. to 10.30 a.m., the students will read the question paper only and will not write any answer on the answer script during this period.

বাংলা

BENGALI

সময় : 3 ঘন্টা *সর্বমোট অঙ্ক : 100*

Time allowed : 3 hours *Maximum Marks : 100*

SECTION A (Reading)

1. নিচের অনুচ্ছেদটি পড়ে প্রদত্ত প্রশ্নগুলির জবাব দাও : *1+1+1+1+1=5*

ভীষণ মনোযোগে জমিদারির পুরোণো কাগজপত্র দেখছিলেন তিনি । এখন তিনি জমিদারির বিরাহিমপুর পরগনার সদর কাছারি শিলাইদহে । কুঠিবাড়ির তিনতলাটি তাঁর লেখার ঘর — খুব প্রিয় জায়গা । এ ঘরের জানালা দিয়ে তাকালে তাঁর সামনে সেই পৃথিবীর ছবিটিই ফুট ওঠে, যেটি তিনি আর অন্য

http://schools.aglasem.com/

কোনো দেশে দেখতে পান নি । অনেক দেশের অনেক সুন্দর প্রাকৃতিক দৃশ্য দেখেছেন, কিন্তু এত কাছের, এত ওমভরা, এত প্রাণমাতানো এবং এত আপন করা ছবি আর তাঁর জীবনের সঞ্চয়ে একটিও নেই । এই ছবির সঙ্গে যুক্ত আছে একটি আশ্চর্য মায়াবী নদী । এ নদীর দিকে তাকালে তাঁর শরীরে ষষ্ঠ ইন্দ্রিয়ের অলৌকিক স্পর্শ তাঁকে অভিভূত করে । তিনি মনে করেণ, ত্রিশ বছর বয়সে দেখা এই নদীর অপরূপ সৌন্দর্য তাঁর জীবনের স্থায়ী সৌন্দর্য হবে বুঝি । তাঁর সামনে থেকে প্রকৃতি এবং মানবজীবনের দূরত্ব মুছে যায় নদীর দিকে তাকিয়ে থাকার আনন্দে — প্রয়োজনীয় কাগজপত্রগুলো দিয়ে তিনি পড়ার ঘরটি ভরে ফেলেন নি । কারণ জীবিকার প্রয়োজনের সঙ্গে সৃষ্টির আনন্দ এক করে ফেলা এক বিড়ম্বনা । জীবিকায় সাধনা নেই, কিন্তু সৃষ্টিতে সাধনা আছে ।

(a) ভীষণ মনোযোগে কী করছিলেন তিনি ?

(b) ঘরের জানলা দিয়ে তাকালে তাঁর সামনে কোন্ পৃথিবীর ছবি ভেসে ওঠে ?

(c) এই ছবির সঙ্গে কী যুক্ত আছে ?

(d) প্রয়োজনীয় কাগজপত্র দিয়ে কোন্ ঘরটি ভরে তোলেননি তিনি ?

(e) 'তাঁর সামনে থেকে প্রকৃতি এবং মানবজীবনের দূরত্ব মুছে যায়' — বাক্যটির সাধু রূপ কী হবে ?

2. নিচের অনুচ্ছেদটি পড়ে প্রদত্ত প্রশ্নগুলির উত্তর দাও : *1+1+1+1+1=5*

তুনকার মা গরীব । গাঁয়ের বাইরে প্রকান্ড একটা জঙ্গলের ধারে তার ছোট কুঁড়েঘর । মাটির দেওয়াল, খড়ের ছাউনী । তুনকার বয়স বছর কুড়ি । গ্রামে গিয়ে জনমজুরের কাজ করে । তুনকার মা জঙ্গলে থেকে কাঠকুটো কুড়িয়ে আনে । তাই দিয়ে সে রান্না করে । জঙ্গলে প্রকান্ড প্রকান্ড গাছ । কোন একজন রাজার সম্পত্তি নাকি । জঙ্গলের ভিতরটা অন্ধকার । সেখানে ঢুকতে সাহস হয় না ।

http://schools.aglasem.com/

AglaSem Schools

যেদিনের কথা বলছি সেদিন খুব ঝোড়ো হাওয়া বইছে । গ্রীষ্মকালের দুপুরবেলা চারদিকে আগুনের হলকা ছড়িয়ে হু হু করে ছুটে চলেছে এলোমেলো ঝোড়ো হাওয়া । জঙ্গলের প্রকান্ড প্রকান্ড গাছগুলো ঝড়ের দাপাট এঁকেবেঁকে আর্তনাদ করছে যেন । মনে হচ্ছে একটা অদৃশ্য দৈত্য দাপাদাপি করে বেড়াচ্ছে চতুর্দিকে ।

তুনকার মা উনুনে আগুণ দেয় নি ঝড়ের ভয়ে । ভাবছিল রাতের জল-দেওয়া পান্তাভাত আছে, ক্ষিধে পেলে তাই খাবে । ঘরের জানালা কপাট বন্ধ করে বসেছিল তুনকার মা । বাইরে সোঁ সোঁ ভীষণ শব্দ, জঙ্গল একেবারে তোলপাড় । তুনকা এখন কোথায় ? কখন ফিরবে সে ? এই ঝড়ে জনমজুরের কাজ পেয়েছে কি ? এই রকম নানা চিন্তায় ব্যাকুল হয়ে উঠেছিল তার মন ।

(a) তুনকারা কোথায় থাকত ?

(b) জঙ্গলের ভেতরটা কেমন ছিল ?

(c) তুনকার মা কেন সেদিন উনুনে আগুন দেয়নি ?

(d) ঝড়ের সময়ে তুনকার মা কী ভাবছিল ?

(e) 'চতুর্দিক' শব্দটির সন্ধিবিচ্ছেদ কর ।

SECTION B (Grammar)

3. ধ্বনিবিজ্ঞানের নিম্নলিখিত রীতিগুলির মধ্যে যে কোন ***একটির*** দু'টি উদাহরণ-সহ সংজ্ঞা লেখ : *(2+3)×1=5*

(a) স্বরসঙ্গতি

(b) অপিনিহিতি

(c) অভিশ্রুতি

http://schools.aglasem.com/

4. যে কোন ***একটি*** অলঙ্কারের উদাহরণ-সহ সংজ্ঞা লেখ : *5*

(a) উপমা

(b) শ্লেষ

(c) অনুপ্রাস

অথবা

অলঙ্কার নির্ণয় কর এবং সেই অলঙ্কারটির সংজ্ঞা লেখ : (***একটি***)

(a) ঈশ্বরীরে জিজ্ঞাসিলা ঈশ্বরী পাটনী

(b) কাজলের মত কালো কুন্তল পড়িছে ঝরে

(c) ঐ সিন্ধুর টিপ সিংহল দ্বীপ কাঞ্চনময় দেশ

(d) মধুহীন কোরনাগো তব মনঃ কোকনদে

5. যে কোন ***চারটি*** বাগ্‌ধারা/প্রবাদের অর্থ লেখ এবং একটি করে বাক্য রচনা কর : *(1+1)×4=8*

গাছে কাঁঠাল, গোঁফে তেল, জলে কুমির ডাঙায় বাঘ, পেটে খেলে পিঠে সয়, গেঁয়ো যোগী ভিখপায় না, একাই একশো, ইন্দ্রপতন হওয়া, হাটে হাঁড়ি ভাঙা, চোখে চোখে রাখা, ঘোড়া ডিঙিয়ে ঘাস খাওয়া ।

SECTION C (Composition & Writing)

6. নিচের যে কোন ***একটি*** বিষয় অবলম্বনে 100 শব্দের মধ্যে একটি অনুচ্ছেদ রচনা কর : *5*

(a) শিশুশ্রমিক

(b) সামুদ্রিক ঝড় ‘হুদহুদ’

(c) তোমার স্কুলের শেষ দিনটি

http://schools.aglasem.com/

7. নিচের প্রতিবেদনটি পড়ে প্রশ্নগুলির উত্তর দাও : *2×3=6*

পূজোর ছুটি উপলক্ষে বেড়াতে বেরিয়েছিলেন কলকাতার একটি দল । দলের জনসংখ্যা পঁয়ত্রিশ । প্রৌঢ়-প্রৌঢ়া, যুবক-যুবতী, কিশোর-কিশোরী এবং শিশু সকলে মিলেই দলটি । দলের লক্ষ্য দিল্লী-আগ্রা-দেরাদুন ভ্রমণ । দিল্লী আগ্রা ভ্রমণ-শেষ করে দলটি দেরাদুন গেছে । দেরাদুন থেকে ফিরবার সময় ঐ দলটি দু'ভাগে ভাগ হয়ে যায় । একদলে প্রৌঢ়-প্রৌঢ়া, কিছুসংখ্যক যুবক যুবতী এবং শিশুরা । অন্যদলে কিছু যুবক এবং কিশোর কিশোরীরা । প্রথম দলটি একটি বড় বাসে এবং দ্বিতীয় দলটি একটি মিনিবাসে করে আসছিল । মিনিবাসের চালক হঠাৎ প্রচন্ড গতিতে বাস চালাতে শুরু করে । ফলে প্রথম দলটি অনেক পিছিয়ে পড়ে । মিনিবাসে একটি যুবক একবার উঠে গিয়ে ড্রাইভারকে একটু আস্তে চালাতে অনুরোধ করে । ড্রাইভার খুব রাগতভাবে যুবকটিকে নিজের জায়গায় চুপ করে বসে থাকার নির্দেশ দেয় । সন্ধ্যার একটু আগে মিনিবাসটি পাহাড়ী আঁকাবাঁকা রাস্তায় উল্টে যায় । বাসের দরজা ধাক্কার চোটে খুলে গেলে কিছু যাত্রী জিনিসপত্রসহ বাইরে ছিটকে পড়ে । পাঁচজন হত হয়, বাকিরা সকলেই গুরুতরভাবে আহত হয় । এই সর্বনাশী পরিণতির দায় কার ?

(a) উপরের প্রতিবেদনটির একটি উপযুক্ত শিরোনাম দাও ।

(b) দুই বা তিন লাইনের মধ্যে মূল বিষয়টির উপর আলোকপাত কর ।

(c) কোন্‌খান থেকে ফেরার পথে দুর্ঘটনাটি ঘটেছিল ?

8. তোমার স্কুলের প্রতিবন্ধী ছাত্ররা যাতে তাদের জন্য আয়োজিত একটি সাংস্কৃতিক অনুষ্ঠানে অংশগ্রহণ করতে পারে তার পরিকল্পনা জানিয়ে তোমার বন্ধুকে একটি চিঠি লেখ । *6*

অথবা

তোমার ভবিষ্যৎ পরিকল্পনা জানিয়ে মাকে একটি চিঠি লেখ ।

http://schools.aglasem.com/

AglaSem Schools

SECTION D (Literature)

9. সপ্রসঙ্গ ব্যাখ্যা লেখ : (*একটি*) *5*

"থামো ! থামো মার্জারপন্ডিতে ! তোমার কথাগুলি ভারি সোশিয়লিস্টিক ! সমাজবিশৃঙ্খলার মূল !"

অথবা

আমাদের উৎসবে এই অন্তরেরই প্রথম প্রতিষ্ঠা ।

10. পন্ডিত বসিলেন পাখিকে বিদ্যা শিখাইতে । নস্য লইয়া বলিলেন, "অল্প পুঁথির কর্ম নয় ।"

(a) কার লেখা, কোন্ রচনার অন্তর্গত ?

(b) কোন্ পাখির কথা বলা হয়েছে ?

(c) পন্ডিত পাখিকে কীভাবে বিদ্যাদান করেছিলেন ?

(d) 'অল্পপুথির কর্ম নয়' — কথাটির তাৎপর্য সংক্ষেপে লেখ । *2+2+2+3=9*

অথবা

সমাজের ধনবৃদ্ধির অর্থ ধনীর ধনবৃদ্ধি । ধনীর ধনবৃদ্ধি না হইলে দরিদ্রের কী ক্ষতি ?

(a) কার লেখা, কোন্ রচনার অন্তর্গত ?

(b) কে এই উক্তিটি করেছে ?

(c) কথাটির উত্তরে কী বলা হয়েছে ?

(d) সমাজের ধনবৃদ্ধি... এই অংশে বক্তার উক্তির তাৎপর্য সংক্ষেপে বুঝিয়ে লেখ ।

http://schools.aglasem.com/

AglaSem Schools

11. '..রাজু কবি বটে দার্শনিক-ও বটে ।'

(a) কে, কখন বলেছেন ?

(b) তাঁর এই উক্তির কারণ কী ? *2+4=6*

অথবা

মন্ত্রপাঠের ব্রাহ্মণ হইতে শুরু করিয়া কামার, কুমোর, ধোপা, নাপিত, হাঁড়ি, ডোম পর্যন্ত সকলেরই নিজ নিজ মর্যাদা অনুসারে উৎসবাঙ্গে স্থান নির্দিষ্ট ছিল — কাহাকেও বাদ দিলে চলিত না ।

(a) কে, কখন বলেছেন ?

(b) তাঁর এই উক্তির কারণ কী ?

12. সপ্রসঙ্গ ব্যাখ্যা কর :

নীর-বিন্দু দূর্বাদলে, নিত্য কিরে ঝলমলে ?

কে না জানে অম্বুবিম্ব অম্বুমুখে সদ্যঃপাতি ? *5*

অথবা

জানি তার পণ্যবাহী সেনা

জ্যোতিষ্কলোকের পথে রেখামাত্র চিহ্ন রাখিবে না ।

13. এ বয়স জানে রক্তদানের পুণ্য

বাষ্পের বেগে ষ্টিমারের মতো চলে, ...

(a) কার লেখা, কোন্ কবিতার অন্তর্গত ?

(b) কীসের বেগের কথা বলা হয়েছে ?

(c) কবির এরকম মন্তব্যের কারণ কী ? *1+2+3=6*

অথবা

'কিন্তু যত পাচ্ছে, প্রতিদিন/জমছে তত ঋণ...'

(a) কার লেখা, কোন্ কবিতার অন্তর্গত ?

(b) কার পাওয়ার কথা বলা হয়েছে ?

(c) উদ্ধৃত অংশটির তাৎপর্য সংক্ষেপে বুঝিয়ে লেখ ।

http://schools.aglasem.com/

AglaSem Schools

14. ‘ওরা কাজ করে’ কবিতাটির বক্তব্য অত্যন্ত সংক্ষেপে লেখ । *4*

অথবা

‘আত্মবিলাপ’ কবিতাটিকে মধুসূদনের ব্যক্তিগত জীবনের প্রতিধ্বনি বলা যায় কী ? খুব সংক্ষেপে তোমার মত লেখ ।

15. “মড়ার কি জাত থাকে রে ?” —

(a) কে, কাকে একথা বলেছে ?

(b) কোন্ প্রসঙ্গে বক্তা এই উক্তি করেছে ?

(c) বক্তার চরিত্রের কোন দিকটি এতে প্রকাশ পেয়েছে ? *2+3+5=10*

অথবা

‘তিনি দাঁত খিঁচাইয়া বলিলেন, আবার শ্রী-কান্ত ! নে, তামাক সাজ ।’

(a) কোন্ লেখকের কোন্ রচনার অন্তর্গত ?

(b) কোন প্রসঙ্গে উক্তিটি করা হয়েছে ?

(c) বক্তার চরিত্রের কোন দিকটি এতে প্রকাশ পেয়েছে ?

16. টীকা লেখ : (*দু’টি*) *5×2=10*

(a) বক্সু

(b) নিরুদিদি

(c) শাহ্‌জী

(d) ইন্দ্রনাথ

(e) মেজদা

http://schools.aglasem.com/

AglaSem Schools

MARKING SCHEME

SENIOR SCHOOL CERTIFICATE EXAMINATION : 2015

SUBJECT : BENGALI **CLASS - XII**

SERIES : SSO

CODE NO : 5

MAXIMUM MARKS : 100

http://schools.aglasem.com/

।। উত্তরপত্র মূল্যায়ন - সংক্রান্ত বিশেষ নির্দেশাবলি ।।

১. উপস্থিত মূল্যায়ন প্রকল্পে (**Marking Scheme** - এ) উত্তর সমুহের মানবিন্দু (**Value Point**) - গুলিই প্রস্তাবিত হয়েছে মাত্র। এই **Value Point** - গুলিকে পূর্ণাঙ্গ উত্তর হিসাবে নয় - প্রত্যাশিত উত্তরের দিকদিশারি (**Guide Lines**) হিসাবেই গন্য করতে হবে। পরীক্ষার্থী নিজের ভাষায় অর্থাৎ নিজের মত করে উত্তর দিতে পারে ; এবং সেই উত্তর নিতান্ত ভুল না হলে তাতে যথোচিত নম্বর দিতে হবে।

২. মহামান্য সর্বোচ্চ আদালতের (**Supreme Courte** - এর) আদেশ অনুসারে সংশ্লিষ্ট পরীক্ষার্থীরা এখন থেকে নির্দিষ্ট অর্থমূল্য (**Fee**) দিয়ে আবেদন করলে তাদের উত্তর পত্রের প্রতিলিপি (**Photocopy**) পাঠাতে হবে, এ - কারনে সমস্ত প্রধান- পরীক্ষক / পরীক্ষককে পুনরায় অবগত করা হচ্ছে যে তারা যেন উত্তর পত্রের প্রতিটি উত্তর অব্যতিক্রমীরূপে **Marking Scheme** - প্রস্তাবিত **Value Point** অনুযায়ী মূল্যায়ন করা হয়েছে - সে ব্যপারে অবশ্য সুনিশ্চিত থাকেন।

৩. সমস্ত প্রধান- পরীক্ষক / পরীক্ষককে এও জানানো হচ্ছে যে, কোন উত্তর সম্পূর্ণ ভুল হলে মূল্যায়নের সময় সেই ভুল উত্তরের উপর (**X**) চিহ্ন অঙ্কিত করতে হবে এবং সেই উত্তরের জন্য যথাস্থানে '০' (**zero**) নম্বর চিহ্নিত করতে হবে।

AglaSem Schools

SENIOR SCHOOL CERTIFICATE EXAMINATION..... 2015

MARKING SCHEME

http://schools.aglasem.com/

SUBJECT : BENGALI (বাংলা) **CLASS : XII**

SET : SERIES - SSO **CODE NO. : 5**

Central Board of School Education

Marking Scheme 2015

[Official]

AglaSem Schools

SENIOR SCHOOL CERTIFICATE EXAMINATION 2015

MARKING SCHEME (FINAL VERSION)

SUBJECT : BENGALI **SERIES - SSO**

CODE NO. : 5

উত্তর-পত্র মূল্যায়নের কটি সাধারণ নীতি

ক. 'অথবা' - যুক্ত প্রশ্ন (**Choice type question**) - এর ক্ষেত্রে প্রদত্ত সব প্রশ্নের উত্তর লিখিত হলে পরীক্ষার্থীর স্বার্থে অপেক্ষাকৃত বেশি নম্বর পেতে পারে তেমন উত্তরটি গণ্য করতে হবে এবং অতিরিক্ত উত্তরগুলি কেটে দিতে হবে।

খ. ১০০ নম্বরের মধ্যে ৩০ নম্বর পর্যন্ত পাওয়া পরীক্ষার্থীকে অতিরিক্ত ৩ নম্বর দিয়ে ন্যূনতম পাশ নম্বর ৩৩ % - এর আওতায় আনতে হবে।

গ. ভাষা ও সাহিত্যের পরীক্ষায় পুরো নম্বর দেওয়া যায় না বরং কম নম্বর দিতে হয় অথবা পরিমানে প্রচুর লিখতে হয় — এ-হেন চিরাচরিত চিন্তা বা সংস্কার ছেড়ে বাংলা ভাষা ও সাহিত্যের উত্তর-পত্র মূল্যায়ন করতে হবে।

ঘ. বানান ভুল যথক্ষণ না পর্যন্ত বিষয়-বস্তুকে বিকৃত করছে — ততক্ষণ পর্যন্ত বানান বাবদ নম্বর না কাটা বাঞ্ছনীয়।

ঙ. উত্তর আরো কত ভালো হতে পারতো — সেই চিন্তা যথাসম্ভব দূরে রেখে প্রদত্ত উত্তরটি ঠিক হয়েছে কি না, সেই দিকেই নজর দেওয়া উচিত।

http://schools.aglasem.com/

AglaSem Schools

SENIOR SCHOOL CERTIFICATE EXAMINATION - 2015
MARKING SCHEME (FINAL VERSION)

SUBJECT : BENGALI **SERIES : SSO**
CODE : 5

	EXPECTED ANSWERS / VALUE POINTS	DISTRIBUTION OF MARKS
	SECTION : A (READING COMPREHENSION)	
1	অপঠিত অনুচ্ছেদ পড়ে প্রশ্নের উত্তর। চরটি প্রশ্নের উত্তর অনুচ্ছেদ পড়েই লিখতে হবে। শেষ প্রশ্নের উত্তর ব্যাকরণভিত্তিক। • অনুচ্ছেদ অনুসরণে নিজের ভাষায় সঠিক উত্তর লিখলে, অথবা • সরাসরি অনুচ্ছেদ থেকেই প্রাসঙ্গিক বাক্যটি তুলে দিলে, অথবা • কেবলমাত্র সংকেত শব্দটুকু লিখলেই পুরো নম্বর। উত্তর সংকেত ঃ (a) জমিদারীর পুরানো কাগজপত্র দেখছিলেন। (b) যে পৃথিবীর ছবি তিনি আর অন্য কোনো দেশে দেখতে পাননি। (c) একটি আশ্চর্য মায়াবী নদী। (d) পড়ার ঘর। (e) তাঁহার সম্মুখ/সামনে হইতে প্রকৃতি এবং মানব জীবনের দূরত্ব মুছিয়া যায়।	(1 +1+1+1+1) = 5
2	1 নং প্রশ্নের অনুরূপ। উত্তর সংকেত ঃ (a) গাঁয়ের বাইরে প্রকান্ড একটা জঙ্গলের ধারে একটি ছোট কুঁড়ে ঘরে। (b) প্রকান্ড-প্রকান্ড গাছ / অন্ধকারে ঢাকা।	(1 +1+1+1+1) = 5

http://schools.aglasem.com/

Q No	EXPECTED ANSWERS / VALUE POINTS	DISTRIBUTION OF MARKS
	(c) ঝড়ের ভয়ে। (d) 'ভাবছিল রাতের জল-দেওয়া .... কাজ পেয়েছে কি?' - এই অংশটি থেকে যেকোন একটি বা দুটি কথা লিখলেও পুরো 1 নম্বর দেওয়া হবে। (e) চতুঃ + দিক।	
	SECTION - B (Grammer)	
3	ধ্বনিতত্ত্বের উদাহরণসহ সংজ্ঞা (যেকোন ১ টি) • শুধু সংজ্ঞাটিকে সঠিকভাবে লিখলে 3 নম্বর। উৎস শব্দটিকে পাশে রেখে উদাহরণ দিলে অর্থাৎ উচ্চারন পরিবর্তনের স্তর নির্দেশের চেষ্টা করলে প্রতিটি উদাহরণ 1 নম্বর করেই পাবে (যেমন, অভিশ্রুতি - রাখিয়া > রাইখ্যা > রেখে)। কেবল সংশ্লিষ্ট রীতি প্রভাবিত শব্দটি উল্লেখ করলে 0.5 নম্বর দিতে হবে। (যেমন, অভিশ্রুতি - রেখে)।	5 (3 + 2)
4	অলঙ্কারের উদাহরণসহ সংজ্ঞা। একটি অলঙ্কারের উদাহরণসহ সংজ্ঞা (a) উপমা (b) শ্লেষ (c) অনুপ্রাস • সংজ্ঞার জন্য 3 নম্বর। উদাহরণের জন্য 1.5 নম্বর এবং সংজ্ঞার সঙ্গে উদাহরণের সম্পর্ক প্রতিষ্ঠার জন্য 0.5 নম্বর। অথবা-যুক্ত প্রশ্ন •মূল অলঙ্কারের নামটুকু লিখলেই 3 নম্বর। যেমন, (a) যমক (b) অনুপ্রাস/উপমা (c) অনুপ্রাস (d) শ্লেষ। • অলঙ্কার নির্ণয়- 3 নম্বর। সংজ্ঞার জন্য - 1.5 নম্বর। • সংজ্ঞাকে যুক্তি দিয়ে প্রতিষ্ঠা করলে 0.5 নম্বর।	5

http://schools.aglasem.com/

Q No	EXPECTED ANSWERS / VALUE POINTS	DISTRIBUTION OF MARKS
5	বাগ্‌ধারা / প্রবাদ • অর্থ দিয়ে বাক্য তৈরি করতে হবে। ঠিক লিখলে 2 নম্বর। • অর্থ ঠিক, অথচ বাক্য ভুল - 1 নম্বর। • অর্থ ঠিক, বাক্যটিও ঠিক কিন্তু স্বয়ংসম্পূর্ণ নয় (যেমন সে একাই একশো' বা 'সে ঘোড়া ডিঙিয়ে ঘাস খায়') এমন হলেও 2 নম্বর। • অর্থও উল্লেখ করে নি, বাক্যটিও স্বয়ংসম্পূর্ণ নয়, তাহলে এমন ক্ষেত্রে 1 নম্বর দেওয়া হবে।	8 (2 x 4)
	SECTION - C (COMPOSITION)	
6	অনুচ্ছেদ রচনা ঃ • একাধিক অনুচ্ছেদে একই বিষয় নিয়ে লিখলেও নম্বর কাটা যাবে না। • শব্দসীমা কম বেশি হতে পারে (15 - 20 টি)। • বিষয়বস্তু মোটামুটি লিখতে পারলে - 2 নম্বর। • ভাষাশৈলী এবং উপস্থাপনার জন্য 3 নম্বর পর্যন্ত দেওয়া যাবে।	5 (2+3)
7	• প্রতিবেদন পড়ে তা থেকে প্রশ্ন • শিরোনাম - মোটামুটি প্রতিবেদনের বক্তব্যের সঙ্গে সম্পর্কিত কিছু লিখতে পারলেই 1 - 2 নম্বর দেওয়া হবে। • বক্তব্যকে মোটামুটি 3 - 4 লাইনেও প্রকাশ করতে পারলেই 2 নম্বর। • 'দেরাদুন'- লিখলেই 2 নম্বর।	6 (2+2+2)
8	চিঠির বিষয়বস্তুর জন্য 3 নম্বর। অবয়ব সংস্থানে 3 নম্বর, মোট 6 নম্বর দেওয়া হবে। • অবয়ব সংস্থানে তারিখ, প্রেরকের ঠিকানা বা স্থান, সম্বোধন,	6 (3+3)

http://schools.aglasem.com/

Q No.	EXPECTED ANSWERS / VALUE POINTS	DISTRIBUTION OF MARKS
	সমাপ্তিসূচক পদ থাকবে। প্রতিটির জন্য 0.5 করে মোট 2 নম্বর। • পত্রের শেষে স্বতন্ত্রভাবে প্রাপকের নাম ঠিকানা দিতে পারলে আরো 1 নম্বর দেওয়া হবে। • প্রেরক বা প্রাপকের নাম বা ঠিকানা ইত্যাদি পত্রের ডান অথবা বাঁ - যেকোন দিকেই লেখা যেতে পারে। • পত্রের বিষয়বস্তুর জন্য 3 নম্বর। • বক্তব্য ঠিক থাকলে অন্তত 2 নম্বর। • দক্ষতা ও ব্যক্তিগত পত্রের বিশিষ্ট সুরটি বজায় থাকলে পুরো 3 নম্বর দেওয়া যাবে।	
	SECTION - D (LITERATURE)	
9	সপ্রসঙ্গ বাখ্যার প্রশ্নে 1 নম্বর — • সূত্র নির্ভুল হলে 1 নম্বর। • প্রসঙ্গ উল্লেখ করলেই 1 নম্বর। • ব্যাখ্যার জন্য 3 নম্বর থাকবে। ন্যূনতম 1 নম্বর এবং বিশ্লেষণ অনুযায়ী 2 - 3 নম্বর দেওয়া যাবে। • ব্যাখ্যা অংশ যদি ভালো না-ও হয়, সূত্র, প্রসঙ্গ, ব্যাখ্যা- এই রকম তিনটি অংশে গুছিয়ে লেখা হয়েছে- এমন হলে পুরো 3 নম্বর দেওয়া যাবে। উত্তর সংকেত- 'বিড়াল' / বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় অথবা - 'শুভ উৎসব' / বলেন্দ্রনাথ ঠাকুর।	5 (2+3)

http://schools.aglasem.com/

Q No	EXPECTED ANSWERS / VALUE POINTS	DISTRIBUTION OF MARKS
10	‘তোতা কাহিনী’ গদ্য থেকে উদ্ধৃতি-ভিত্তিক প্রশ্ন অথবা ‘বিড়াল’ গদ্য থেকে উদ্ধৃতি-ভিত্তিক প্রশ্ন a) লেখক ও রচনার নাম (রবীন্দ্রনাথ ঠাকুর; তোতা কাহিনী) লিখলেই 1 +1= 2 নম্বর। b) শুধু ‘তোতা পাখি’ লিখলে 1 নম্বর; তোতা পাখি অর্থাৎ ছাত্র লিখলে 2 নম্বর। c) পন্ডিত তোতা পাখিকে সরাসরি পুঁথির পাতা মুখে ঠুসে দিয়ে বিদ্যাদান করতে চেয়েছিলেন- এ কথাটি কোনভাবে লিখলে 2 নম্বর দেওয়া যাবে। d) i) যত বেশি পুঁথি তত বেশি বিদ্যা ii) পন্ডিতদের অর্থাগমের রাস্তাও বেশী- এই বিষয়টি বুঝিয়ে লিখতে পারলেই 3 নম্বর দেওয়া যাবে। অতবা-যুক্ত প্রশ্ন a) লেখক ও রচনার নাম (বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়; / ‘বিড়াল’) লিখলেই 1+1 = 2 নম্বর। b) ‘মার্জার’ লিখলে 1নম্বর । এর সাথে ‘দরিদ্র শ্রেণীর প্রতিনিধি’ লিখলে 2 নম্বর। c) ‘সমাজের ধনবৃদ্ধি ব্যতীত সমাজের উন্নতি নাই’ - এই বিষযটি নিজের ভাষায় লিখলেও 2 নম্বর পাবে। d) সমাজে শুধু ধনীর ধনবৃদ্ধি হলে দরিদ্র মানুষ বঞ্চিত হয়। সমাজের এইরূপ ধনবৃদ্ধিতে সমাজের প্রকৃত উন্নতি হয় না। কারণ ধনী দরিদ্র নিয়েই সমাজ। এই বিষয়টি বুঝিয়ে লিখতে পারলেই 3 নম্বর দেওয়া হবে।	9 (2+2+2+3)

http://schools.aglasem.com/

Q No.	EXPECTED ANSWERS / VALUE POINTS	DISTRIBUTION OF MARKS
11	গদ্য থেকে উদ্ধৃতি তুলে প্রশ্ন- a) লেখক বলেছেন লিখলে - 1 নম্বর। রাজুকে খাতায় কিছু লিখতে দেখে এবং তার সঙ্গে কথা বলার সময়ে - লিখলে 1 নম্বর। b) ছোট খাতায় কিছু লিখতে দেখে মনে হয় কবি এবং জঙ্গল কাটতে গিয়ে রাজুর যা মনে হয়েছে তা শুনে লেখকের তাকে দার্শনিক মনে হয়েছে । - এই বিষয়টি গুছিয়ে লিখতে পারলেই পুরো 4 নম্বর দেওয়া যাবে। অথবা-যুক্ত প্রশ্ন ঃ a) লেখক লিখলেই 1 নম্বর। বাংলার প্রচীন উৎসবের বৈশিষ্ট্য প্রসঙ্গে বলেছেন- লিখলে 1 নম্বর। b) বাংলার প্রচীন উৎসবে সমাজের সকল শ্রেণীর মানুষ নিজের ক্ষমতা অনুসারে উৎসবে স্থান পেত ও উৎসবের আনন্দ ভোগ করত। দাতা ও গ্রহীতার মধ্যে একটা মধুর সম্পর্ক তৈরী হত। কিন্তু পরবর্তী কালে এইরূপ আর ছিল না। সেখানে আর্থিক সম্পর্কই বড় হয়ে উঠেছে। - এই বিষয়টি যেকোন ভাবে লিখলেই 4 নম্বর দেওয়া হবে।	6 (2+4)
12	সপ্রসঙ্গ ব্যাখ্যা (কবিতা থেকে) - মূল্যায়ন নীতি 9 নম্বর প্রশ্নের অনুরূপ।	5 (2+3)
13	কবিতা থেকে পংক্তি তুলে প্রশ্ন a) সুকান্ত ভট্টাচার্য / ‘আঠারো বছর বয়স’ লিখলেই 1 নম্বর। b) বাষ্পের বেগে লিখলে 1 নম্বর দেওয়া হবে। আঠারো বছর বয়সের দুর্দমনীয় আবেগের কথা বলা হয়েছে - লিখলে পুরো 1 নম্বর দেওয়া হবে। c) আঠারো বছরের বৈশিষ্ট্য অর্থাৎ দ্বিধাহীন আত্মত্যাগ ও দুর্দমনীয় প্রাণশক্তি - এই বিষয়টি বুঝিয়ে লিখলেই 3 নম্বর দেওয়া হবে।	6 (1+2+3)

http://schools.aglasem.com/

Q No.	EXPECTED ANSWERS / VALUE POINTS	DISTRIBUTION OF MARKS
	অথবা-যুক্ত প্রশ্ন a) নীরেন্দ্রনাথ চক্রবর্তী / 'তা নইলে' লিখলে 1 নম্বর। b) মানুষের পাওয়ার কথা বলা হয়েছে। c) সমাজে সবাই সবার কাছে ঋণী। দেওয়া ও নেওয়ার মধ্য দিয়েই পৃথিবী সচল থাকে - লিখলেই 3 নম্বর দেওয়া হবে।	
14	ইতিহাসের প্রেক্ষাপটে শ্রমজীবী মানুষের মূল্যায়ণ সাধারণ ভাবে গুছিয়ে লিখলেই ন্যূনতম 3 নম্বর ও দক্ষতার জন্য অতিরিক্ত 1 নম্বর দেওয়া হবে। অথবা-যুক্ত প্রশ্ন— • শুধু হ্যাঁ লিখলে 1 নম্বর দেওয়া যাবে। • যশ, খ্যাতি, প্রেম, অর্থ ইত্যাদি আশার পেছনে ছুটে কবির বিফল হওয়া এবং সেজন্য নিজের কাছেই তাঁর আক্ষেপ - কবিতা অবলম্বনে গুছিয়ে লিখলে 3 - 4 নম্বর দেওয়া হবে।	4
15	শ্রীকান্ত থেকে উদ্ধৃতি তুলে প্রশ্ন- a) ইন্দ্রনাথ শ্রীকান্তকে লিখলে 2 নম্বর (1+1) b) ছয়/সাত বছরের হৃষ্টপুষ্ট বালকটির মৃতদেহ ডিঙিতে তোলার পরে শ্রীকান্তের মনে জাতপাত সম্পর্কে প্রশ্ন জাগায় ইন্দ্রের এই উক্তি- লিখলে 3 নম্বর। c) অল্প বয়সে জীবন/সমাজ সম্পর্কে নিরাসক্ত ও দার্শনিক দৃষ্টিভঙ্গি - ইন্দ্রনাথের চরিত্রের এই উল্লেখযোগ্য দিকটি আলোচনা করলে 3 - 5 নম্বর দেওয়া হবে। অথবা-যুক্ত প্রশ্ন a) শরৎচন্দ্র চট্টোপাধ্যায় / 'শ্রীকান্ত' লিখলে 1 নম্বর (1+1)	10 (2+3+5)

http://schools.aglasem.com/

AglaSem Schools

	EXPECTED ANSWERS / VALUE POINTS	DISTRIBUTION OF MARKS
	b) নৌকায় বসে শ্রীকান্ত নামটি শুনে নতুনদার এই উক্তি - গুছিয়ে লিখলে **2 - 3** নম্বর দেওয়া হবে। **c**) চারিত্রিক কদর্যতা / অন্যকে অপমান / হেয় করবার প্রবনতা - এই বিষয়টি গুছিয়ে লিখলেই **4 - 5** নম্বর দেওয়া হবে।	
16	টীকার প্রশ্নে (যে কোন দুটি) - **5** নম্বর করে দেওয়া। • শুধু পরিচয় লিখলে **3** নম্বর। • উপন্যাসে চরিত্র বা ঘটনাটির প্রয়োজনীয়তা উল্লেখ করলে **2** নম্বর দেওয়া হবে।	**(5 x 2)**

http://schools.aglasem.com/